যুগান্তর

তারিখ 1 JUN 2010
পৃষ্ঠা ১৪ কলাম ২

# জাবির সিন্ডিকেট নির্বাচনে আ'লীগপন্থী শিক্ষক প্যানেলের জয়লাভ

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, শিক্ষা পর্ষদ ও অর্থ কমিটির শিক্ষক প্রতিনিধি নির্বাচনে ১১টি পদে আওয়ামীপন্থী শিক্ষক প্যানেল জয়লাভ করেছে। বাকি দুটি পদে বিএনপিপন্থীরা জয়লাভ করেছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ক্লাবে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে বিএনপিপন্থী শিক্ষকরা 'বহুদলীয় গণতন্ত্র, স্বাধীনতা, সার্বভৌমত্ব, বাংলাদেশী জাতীয়তাবাদে বিশ্বাসী ও উদারপন্থী শিক্ষক প্যানেল' এবং আওয়ামীপন্থী শিক্ষকরা 'মুক্তিযুদ্ধের সপক্ষের শক্তি'র ব্যানারে প্রতিদ্বন্দ্বিতা করেছেন। কোন প্রতিদ্বন্দ্বী না থাকায় সিন্ডিকেট নির্বাচনের তিন ক্যাটাগরিতে আওয়ামীপন্থী শিক্ষক প্যানেল থেকে গাণিতিক ও পদার্থবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোঃ নুরুল আলম এবং প্রভোস্ট ক্যাটাগরিতে নওয়াব ফয়জুন্নেছা হলের প্রভোস্ট অধ্যাপক এসএম বদিয়ার রহমান আগেই নির্বাচিত হয়েছেন।

আওয়ামীপন্থী প্যানেল থেকে অধ্যাপক ও সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন এবং মোহাম্মদ বখতিয়ার রানা জয়লাভ করেছেন। এছাড়া সহকারী অধ্যাপক ও প্রভাষক ক্যাটাগরিতে বিএনপিপন্থী প্যানেলের একেএম রাশিদুল আলম এবং বোরহান উদ্দিন জয়লাভ করেছেন। শিক্ষা পর্ষদ নির্বাচনে আওয়ামীপন্থী প্যানেল থেকে সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে লিটন মুহ রেজাউল, তৌহিদুল ইসলাম, সুকল্যাণ কুমার কুণ্ডু সহকারী অধ্যাপক ও প্রভাষক ক্যাটাগরিতে একই প্যানেলে জাহাঙ্গীর আলম, কামরুল হাসান, আবু তোয়াব শাকির জয়লাভ করেছেন। এছাড়া অর্থ কমিটির সদস্য হিসেবে আওয়ামীপন্থী প্যানেলের শ্রীতিকা নাজনীন নীলিমা নির্বাচিত হয়েছেন।